

বাংলা : প্রথম ভাষা
SUBJECT CODE - 02
নবম - দশম শ্রেণী

পূর্বকথা :

প্রথম ভাষার মাধ্যমে ভাষা শিক্ষার কৌশল-শ্রবণ, কথন, পঠন এবং লিখনের অনুশীলন এবং উন্নতির উদ্দেশ্যে সম্মুখে রেখে এই পাঠ্যক্রম গঠন করা হয়েছে। প্রথম ভাষা সকল ভাবের আদান প্রদানের বাহন হওয়া ছাড়াও সামাজিক এবং সাংস্কৃতিক প্রমূল্য, সাহিত্যরস ইত্যাদি গ্রহণ করায় ছাত্র-ছাত্রীদের এগিয়ে যেতে নিয়ে পারে সেদিকে দৃষ্টি রাখা হয়েছে। বর্তমান সভ্যতার আধুনিকীকরণ-বিশ্বায়নে জীবিকার বিভিন্ন ধরনের নতুন নতুন পথ খুলে গেছে এই প্রকার নতুন প্রয়োগ নীতিতে শিক্ষার্থীগণ যাতে এই ভাষা শিক্ষার মাধ্যমে উপকৃত হতে পারে তার প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে। জীবন, ভাষা এবং সাহিত্যের সঙ্গে সম্পর্কিত বিষয়বস্তু মান অনুসারে বিভিন্ন শ্রেণিতে সন্নিবিষ্ট করারও পরামর্শ দেওয়া হয়েছে।

ভাষা শিক্ষকের উদ্দেশ্য ভাষাটিকে ব্যাকরণ, বানান ইত্যাদি নীতি সহকারে - শুদ্ধভাবে শিক্ষণীয় করা। এর সঙ্গেসঙ্গে ছাত্র-ছাত্রীদের সাহিত্যরস অন্বেষণ করা, জাতীয়তাবোধ আহরণ করা, নিজের দেশ তথা সমাজকে ভালবাসা, স্ব-জাতীয় সংস্কৃতি, দয়া ও মানবীয় গুণাবলীর বিকাশ সাধন করাও গুরুত্বপূর্ণ উদ্দেশ্য। সামাজিক এবং সাংস্কৃতিক প্রমূল্যবোধের দ্বারা নিজেকে প্রকাশ করার মতো যোগ্য করে গড়ে তোলাই ভাষা শিক্ষকের একটি দায়িত্ব। প্রকৃতার্থে প্রথম ভাষা শিক্ষকের উদ্দেশ্য মানব চরিত্র সম্পন্ন একজন

প্রকৃত নাগরিক হিসাবে গড়ে তোলা।

সাধারণ উদ্দেশ্য :

- ১.০০ ইতিমধ্যে উচ্চ-প্রাথমিক স্তরে শিখে আসা ভাষার বিভিন্ন দিকের উপরে জোরদিয়ে জেনে বুঝে, উপলব্ধি করে, ব্যবহারিক জীবনে প্রয়োগ করতে সক্ষম হবে।
- ১.০১ ভাষার নব-নব দিকের জ্ঞান আহরণ করে তার বিশ্লেষণ করার যোগ্যতা অর্জন।
- ১.০২ ভাষাতত্ত্বের জ্ঞান তথা ভাষিক কৌশলের ক্ষমতা বৃদ্ধি করা।
- ১.০৩ মৌখিক অভিব্যক্তির বিকাশ সাধন করে সামাজিক দায়িত্ববোধ জাগ্রত করা।
- ১.০৪ শ্রবণ, কথন, পঠন এবং লিখনের গতিবেগ বৃদ্ধি করা।
- ১.০৫ কোনো আলোচনা, তর্ক প্রতিযোগিতা সভা-সমিতিতে অংশ গ্রহণ করে তা পরিচালনা করা।
- ১.০৬ কোনো ঘটনা বা সমস্যা, বিষয়াদির উপর নিজের মত তুলে ধরে তার সমাধান খুঁজে বের করা।
- ১.০৭ নতুন দিক/ধারা, দর্শন, শিক্ষার্থীকেন্দ্রিক মনোরঞ্জক, কার্যভিত্তিক, যোগ্যতা সম্পন্ন জ্ঞান আহরণ করে ব্যবহারিক জীবনে তার প্রয়োগ এবং নেতৃত্ব দেবার উপায় নির্ণয় করা।
- ১.০৮ যে কোনো কথা বা কার্য পর্যবেক্ষণ করে নিজ অভিব্যক্তি ব্যক্ত করা।
- ১.০৯ ভাষা এবং সাহিত্য অধ্যয়নের দ্বারা বিভিন্ন জনগোষ্ঠীর সাহিত্য সংস্কৃতির প্রতি অনুরক্ত হওয়া।
- ১.১০ সৃষ্টিমূলক প্রতিভার বিকাশ সাধন করা।

শিক্ষণীয় দিক :

বিশেষ উদ্দেশ্য :

- ২.০০ শ্রবণ-কথন
- ২.০১ যে কোনো ঘটনা, বক্তৃতা, আলোচনা, গল্পকাহিনি ইত্যাদি বুঝে শুনে উপলব্ধি করে সাবলীলভাবে বলতে পারা এবং ব্যবহারিক জীবনে তা প্রয়োগ করতে সমর্থ হওয়া।
- ২.০২ মনোরঞ্জক অনুষ্ঠানাদি দেখে-শুনে আনন্দ লাভ করা এবং নিজেও অংশ গ্রহণ করা।
- ২.০৩ বক্তার বক্তব্য, আচার ব্যবহার ইত্যাদি বিচার বিশ্লেষণ করে মূল্যায়ন করতে পারা।
- ২.০৪ কোনো বৃত্তিমূলক ভাষণ আলোচনাদি শুনে বিজ্ঞান সম্মত বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গি আয়ত্ত্ব করে জীবনের জন্য প্রেরণা লাভ করতে পারা।
- ২.০৫ অন্ধবিশ্বাস, কু-সংস্কারাদি বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গির দ্বারা বিচার করে বৈজ্ঞানিক মনোভাব গড়ে তোলা।
- ২.০৬ নিজের মনে উদ্ভিত হওয়া ভাব এবং অন্য লোকের প্রশ্ন কথায় ধৈর্য সহকারে শুনে তাৎক্ষণিকভাবে উত্তর দিতে সক্ষম এবং নিজের প্রতিক্রিয়া প্রকাশ করতে সক্ষম হওয়া।
- ২.০৭ বাক্যের তাল-মান-ধ্বনি (যতি) শ্বাসাঘাত ইত্যাদি রক্ষাকরে শুদ্ধ এবং স্পষ্টভাবে উচ্চারণ করতে সক্ষম হওয়া।
- ২.০৮ বিভিন্ন সংগীতাদি, কবিতা, সংলাপ, আকস্মিক বক্তৃতা, তর্ক ও কুইজ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারা।

- ২.০৯ আনুষ্ঠানিক এবং, অনানুষ্ঠানিকভাবে ব্যক্তি এবং সমষ্টিকে আদর সম্ভাষণ জানানো, আজ্ঞা, অনুরোধ, সম্বোধন ব্যক্ত করা এবং গ্রহণ করতে সক্ষম।
- ২.১০ দৃশ্যমান কার্য বা ঘটনার চলন্ত বিবরণ দিতে সক্ষম।
- ২.১১ জ্যেষ্ঠ-কনিষ্ঠ সমবয়স ভেদে শিষ্টাচার রক্ষা করে কথাবার্তা চালাতে পারা।
- ২.১২ লিংগ সমতা এবং মর্যাদা রক্ষা করার মানসিকতা গড়ে তুলে পরিবেশ পরিস্থিতি সাপেক্ষে ভাষাশৈলী প্রয়োগ করতে সমর্থ।
- ২.১৩ অন্যলোকের ভাষা এবং কথন-ভঙ্গির প্রতি সম্মান প্রদর্শন করা।
- ৩.০০ **পঠন-লিখন :**
- ৩.০১ শুদ্ধ উচ্চারণ, ধ্বনি, লয়, শ্বাসাঘাত এবং পঠনের গতি নিয়ন্ত্রণের উপর গুরুত্ব দিয়ে শব্দ বাক্যাদি পড়তে এবং লিখতে সক্ষম।
- ৩.০২ ভাব অনুসারে বাক্যের আরোহণ এবং অবরোহণ রক্ষা করে পড়তে এবং দ্রুতগতিতে সাবলীলভাবে পড়তে সক্ষম।
- ৩.০৩ পঠন-লিখনের সময় বিরাম চিহ্নের (যতি, কমা, ভাববোধক, প্রশ্নবোধক ইত্যাদি) উপর গুরুত্ব দেওয়া।
- ৩.০৪ শ্রেণি অনুসারে পঠন এবং লিখনের গতি বৃদ্ধি (সময় অনুপাতে) করা।
- ৩.০৫ মানচিত্র, বিভিন্ন তালিকা, রসিদ, কাহিনি, বিভিন্ন রুচির কবিতা, প্রবন্ধ, চিঠি, দিনলিপি ইত্যাদি দেখে শুনে, পড়ে

বুঝে এবং নিজেও লিখতে সমর্থ হওয়া।

- ৩.০৬ দেখা-শুনা স্মরণীয় ঘটনা এবং নিজের জীবনের অভিজ্ঞতা আত্মস্মৃতির জন্য লেখা।
- ৩.০৭ আন্তর্জাতিক, রাষ্ট্রীয়, স্থানীয় কলা-কৃষ্টি এবং সংস্কৃতিমূলক তৎসহ লোক-সংস্কৃতি বা জনকৃষ্টির বিষয়ে পড়ে তার মূল ভাব বুঝে জাতীয় প্রেরণা লাভ করা।
- ৩.০৮ ব্যবহারিক জীবনে ব্যাকরণের শুদ্ধ প্রয়োগ করা।

৪.০০ চিন্তন :

- ৪.০১ পড়া-শুনা তথ্য, ঘটনাদির ক্রম অনুসারে বিচার বিবেচনা করার ক্ষমতা অর্জন করা এবং সেগুলোর কার্য, কারণ ও ফল নির্ণয় করে তার তুলনা করতে সক্ষম।
- ৪.০২ কোনো একটা বিষয় বস্তুর সপক্ষে বা বিপক্ষে নিজের যুক্তি এবং ভাব বিচার করার সঙ্গে সিদ্ধান্তে উপনীত হয়ে নিজেরে মস্তব্য তুলে ধরতে সক্ষম।
- ৪.০৩ সত্যাসত্য নির্ণয় করতে পারা।
- ৪.০৪ জাতীয় কলা-কৃষ্টির প্রতি শ্রদ্ধা পোষণ এবং ঐতিহ্য পরম্পরা সম্পর্কে বিজ্ঞান সম্মত মনোভাব গড়ে তোলা।

৫.০০ পাঠে প্রতিফলিত দিকসমূহ :

- রাষ্ট্রীয় শিক্ষানীতির মূল দশটি উপাদান :
- ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস।
- সাংবিধানিক দায়বদ্ধতা।
- জাতীয় পরিচিতি পরিপুষ্টির অর্থে প্রয়োজনীয় তথ্য।
- ভারতের সাধারণ সাংস্কৃতিক ঐতিহ্য।

- সাম্যবাদ, গণতন্ত্র এবং ধর্মনিরপেক্ষতা।
- লিংগের সমতা (নারী এবং পুরুষ ভেদে সমতা)।
- পরিবেশের সংরক্ষণ।
- সামাজিক বৈষম্য দূরীকরণ।
- ছোটপরিবারের পরিকল্পনা গ্রহণ।
- বিজ্ঞানসন্মত দৃষ্টিভঙ্গী আহরণ।

তৎসহ ভারতীয় এবং জাতীয় সাহিত্যের স্বরূপ অনুধাবন। সামাজিক দায়বদ্ধতা (জনসাধারণের সম্পত্তি রক্ষণা-বেক্ষণ), সচেতনতা, শিষ্টাচার, সেবামনোভাব, সহযোগিতা, সহমর্মিতা, সময়ের সদ্যবহার, অহিংসা, দায়িত্ববোধ, নিষ্ঠা, দয়া, করুণা, সহনশীলতা, দেশপ্রেম, শ্রমের মর্যাদা, পরিবেশ সচেতনতা, বিশ্বভ্রাতৃত্ব, নেতৃত্ব, অনুকম্পা, কৃষ্টি-সংস্কৃতির প্রতি শ্রদ্ধা, আত্মবিশ্বাস, স্পষ্ট এবং দ্রুতসিদ্ধান্ত, সাহসিকতা, এবং প্রমূল্য ইত্যাদি।

এছাড়াও অনগ্রসর ছাত্র-ছাত্রীর বিকাশ সাধন (বাধাগ্রস্ত), অহিংসা নীতির উপলব্ধি, জীবন ধারণের কৌশল এবং কর্মসংস্কৃতি গড়ে তোলা, নান্দনিক অনুভূতি বিকাশ সাধন ইত্যাদি দিকগুলোর প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে।

- ৫.০১ পাঠের প্রকার : পাঠ্যপুথির প্রবন্ধ, জীবনী, আত্মজীবনী, কাহিনি, সাংবাদিকতা, ভ্রমণ, নাট্যাংশ ইত্যাদি সাহিত্যিক রূপ (বর্ণনাত্মক, কথোপকথন, নাট্যরূপ, সমালোচনামূলক) রস সমূহ প্রতিফলিত হওয়া পাঠ সন্নিবিষ্ট হবে।
- ৫.০২ শৈলী : পাঠ্যপুথির প্রাচীন, রোমান্টিক এবং সাম্প্রতিক যুগের রচনা সন্নিবিষ্ট করা হবে।

৫.০৩ ব্যবহারিক দিক : রাস্তা-ঘাট, সময়সূচী, (রেল-বাস),
যোগাযোগ (পি. সি. ও., তারবার্তা, আকাশবাণী, (সংবাদপত্র,
দূরদর্শন কম্পিউটার), স্থানীয় বিষয় (পঞ্চায়েত, পুলিশ,
কোর্ট কাছারি) রাজ্যিক এবং সহযোগী ভাষার ভূমিকা
সম্পর্কে অভিজ্ঞতার প্রয়োজন।

৫.০৪ পাঠ নির্বাচন :

উপরোক্ত শিক্ষণীয় দিকগুলো প্রতিফলিত হওয়ার জন্য
নীচে দেওয়া বিষয়বস্তু সমূহের পাঠ নির্বাচন করা হবে।

নবম শ্রেণীৰ পাঠ্যক্রম :

গদ্য বিভাগ : ঐতিহাসিক ঘটনা-খেলা-ধুলা-জীবনী
(রাষ্ট্রীয়/আন্তর্জাতিক) সংবাদলেখা-কলাসংগীত-জাতীয় পরিচিতি-
স্বাধীনতা সংগ্রাম, জাতীয় সংহতি, বৃত্তিমুখী বিষয়, শ্রমের মর্যাদা,
স্বদেশপ্রেম, আসামের ভাষা পরিচিতি, জনজাতীয় গল্প, ভ্রমণ বৃত্তান্ত,
বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি, প্রকৃতি বিষয়ক ঐক্য এবং মূল্যবোধ সম্পর্কীয়
বিষয় এবং সাহিত্যের বিশ্বজনীন আবেদন সম্পর্কীয় বিষয়।

কবিতা বিভাগ : আধ্যাত্মিক-দার্শনিক-নীতিমূলক-দেশপ্রেমমূলক-
প্রকৃতি বিষয়ক-মানবতাবাদী বিষয়ক-হাস্যরসাত্মক-ব্যঙ্গাত্মক।

ব্যাকরণ : ১) নির্দেশক প্রত্যয়, ২) প্রত্যক্ষ এবং পরোক্ষ উক্তি,
৩) ব্যঞ্জন এবং বিসর্গ সন্ধি, ৪) অর্থ অনুসারে বাক্য পরিবর্তন
(অন্ত্যর্থক, ন্যন্ত্যর্থক, প্রশ্নার্থক), ৫) কৃৎ এবং তদ্ধিত প্রত্যয়, ৬) স্ত্রী
প্রত্যয়, ৭) ধাতু এবং ক্রিয়াপদ, ৮) বাক্য রচনা, ৯) ভাবসম্প্রসারণ,
১০) পুরুষ নির্দেশক প্রত্যয়, ১১) বাক্য সম্প্রসারণ, ১২) বাক্য
সংকোচন রচনা : চিন্তামূলক /বিজ্ঞান ভিত্তিক /উৎসব বিষয়ক
/সমস্যাবহুল।

দশম শ্রেণির পাঠ্যক্রম :

গদ্য বিভাগ : ঐতিহাসিক ঘটনা, খেলা-ধুলা, জীবনী (রাষ্ট্রীয়/আন্তর্জাতিক) সংবাদলেখ, কলাসংগীত, জাতীয় পরিচিতি, স্বাধীনতা সংগ্রাম, জাতীয় সংহতি, বৃত্তিমুখী বিষয়, শ্রমের মর্যাদা, স্বদেশপ্রেম, আসামের ভাষা পরিচিতি, জনজাতীয় গল্প, ভ্রমণবৃত্তান্ত, বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি, প্রকৃতি বিষয়ক ঐক্য এবং সংহতি, মূল্যবোধ সম্পর্কীয় বিষয় এবং সাহিত্যের বিশ্বজনীন আবেদন সম্পর্কীয় বিষয়।

কবিতা বিভাগ : আধ্যাত্মিক-দার্শনিক-নীতিমূলক-দেশপ্রেমমূলক-প্রকৃতি বিষয়ক-মানবতাবাদ বিষয়ক-হাস্যরসাত্মক-ব্যঙ্গাত্মক।

ব্যাকরণ : সমাস, পদ, বাক্য পরিবর্তন (সরল-যৌগিক-জটিল), বাক্য সংকোচন, বিরাম চিহ্নের ব্যবহার, শব্দ ভাঙার, বিপরীতার্থক শব্দ, প্রবাদ-প্রবচন, অশুদ্ধি সংশোধন, বাগ্‌বিধি, আবেদন, প্রতিবেদন পত্র।

রচনা : চিন্তামূলক / বিজ্ঞান ভিত্তিক / উৎসব বিষয়ক / সমস্যাভুল।

৫.০৫ প্রতিটি পাঠের শেষে ভাষার যোগ্যতা বিকাশ হতে পারা ক্রিয়াকলাপ সংযোজন থাকবে। এর সাহায্যে ব্যবহারিক ব্যাকরণের ধারণা, অনুশীলনী, টীকাদি সন্নিবিষ্ট করা হবে।

৫.০৬ নবম-দশম শ্রেণির পাঠসমূহ ‘ক’ এবং ‘খ’ দুটি ভাগে ভাগ করা হবে। ‘খ’ ভাগে পৌরাণিক লেখকের লেখা সন্নিবিষ্ট করা হবে। ছাত্র-ছাত্রীগণ ‘খ’ বিভাগের বদলে ‘গ’ ভাগের সংস্কৃত বিষয়টি অধ্যয়ন করতে পারবে।

নম্বর বিতরণ এমন ভাবে হবে :

‘ক’ বিভাগ — ৭৫ নম্বর

‘খ’ বিভাগ — ২৫ নম্বর

[23]

অথবা 'গ' বিভাগ — ২৫ নম্বর

৬.০০ শিক্ষণ শিক্ষার গুরুত্ব :

৬.০১ শিক্ষণীয় গুরুত্ব :

পাঠ আদান-প্রদানে - ৫০ শতাংশ

(প্রাচীন সাহিত্য এবং অতিরিক্ত)

ক্রিয়াকলাপে - ৩০ শতাংশ

ব্যাকরণ এবং রচনা - ১৫ শতাংশ

ব্যবহারিক দিকে - ৮ শতাংশ

প্রকল্প, সৃজনীমূলক কর্ম - ৫ শতাংশ

নিদানমূলক ব্যবস্থা - ২ শতাংশ

- ১০০ শতাংশ

৬.০২ সময়ের গুরুত্ব : সারাবছরের কর্মদিন ২৬২ এর মধ্যে বিদ্যালয়ের অন্যান্য কার্যের জন্য ১৬ দিন এবং পরীক্ষার জন্যে ১৬ দিন বাদ দিলে পাঠদানের জন্য ২৩০ দিন থাকে। প্রতি সপ্তাহে সাত পিরিয়ড করে ধরে বছরে প্রথম ভাষার জন্য ২৫৯ পিরিয়ড পাওয়া যাবে। পাঠ আদান-প্রদানের জন্য নীচে উল্লেখ করা অনুসারে পিরিয়ড নির্ধারণ করা হবে।

গদ্য - ১১১ পিরিয়ড, পদ্য - ৭৪ পিরিয়ড, ব্যাকরণ - ৩৭ পিরিয়ড।

৬.০৩ মূল্যায়নের ধারণাসমূহ আদর্শ প্রশ্নপত্রে সন্নিবিষ্ট হবে।

৬.০৪ পাঠবহির্ভূত শিক্ষণীয় দিকসমূহ যেমন :

আকস্মিক বক্তৃতা, তর্ক প্রতিযোগিতা, গ্রন্থাগার, অধ্যয়ন, কবিতা লেখা, প্রাচীর পত্রিকা, আলোচনা পত্রিকা, সংবাদ পত্র পড়া, সাক্ষাৎকার, সাংস্কৃতিক কার্যে অংশ গ্রহণ করা, যোগ-ব্যায়ামাদি সামগ্রিক এবং অবিরত মূল্যায়নের পুস্তক এবং শৈক্ষিক দিনপঞ্জিতে সন্নিবিষ্ট করা হয়েছে।

৭.০০ পাঠ্যপুথির পরিকল্পনা, কলেবর / আকার ইত্যাদি নির্ধারণ : নবম এবং দশম শ্রেণির জন্য আলাদা আলাদা করে এক একটি পাঠ্যপুস্তক (সাহিত্য) হবে।

দুইটি শ্রেণির জন্য একটি ব্যাকরণ এবং একটি দ্রুতপাঠ পুস্তকই থাকবে। পাঠ্যপুস্তকে ৭৫ শতাংশ গদ্য এবং ২৫ শতাংশ পদ্য থাকবে। এই দুটি শ্রেণিতে ৪০ শতাংশ পাঠ সাহিত্যকেন্দ্রিক হবে। পাঠ্যপুথির পৃষ্ঠাসংখ্যা ২০০ র ভেতরে থাকবে। আকার ট্রাউন, অক্ষর ১২ পয়েন্ট এবং টীকা, অনুশীলনী, নির্দেশনাদি ১০ পয়েন্ট লেখা হবে।

৮.০০ মূল্যায়ন :

৮.০১ ছাত্র-ছাত্রীগণ ভাষার যোগ্যতাসমূহ প্রতিটি শ্রেণিতে কতখানি আয়ত্ত্ব করলো তার মূল্যায়নের মাধ্যমে জানতে পারা যায়। পাঠ্যপুথিতে এবং পাঠবহির্ভূত উভয় দিকে সামগ্রিকভাবে মূল্যায়নের ব্যবস্থা থাকবে। প্রতিটি দলের সাময়িকী মূল্যায়নের অনগ্রসর ছাত্র-ছাত্রীদের চিহ্নিত করে নিদান মূলক (remedial) শিক্ষণের দ্বারা তাদেরকেও এগিয়ে নিতে হবে। অপরদিকে শিক্ষক-শিক্ষয়িত্রীগণও নিজেদের শিক্ষণ পদ্ধতি কৌশলগত থেকে যাওয়া দোষ-ত্রুটি বুঝে নিয়ে সংশোধন মূলক পদ্ধতি কৌশল গ্রহণ করতে পারবেন। মূল্যায়নের দ্বারা ছাত্র-ছাত্রীদের বিদ্যায়তনিক এবং বহিবিদ্যায়তনিক উভয় দিকের মূল্যায়ন করা হবে। এই পদ্ধতি

সম্পর্কে সকল কথা পরিষদের দ্বারা প্রকাশিত শৈক্ষিক দিনপঞ্জি এবং Continuous and Comprehensive evaluation নামের পুস্তক দুটিতে বিশেষ ভাবে লিখে দেওয়া হয়েছে।

বিদ্যায়তনিক দিকের মূল্যায়নের জন্য নীচে প্রদত্ত ক্রমানুসারে নম্বর বিতরণ করা হবে।

‘ক’ বিভাগ		‘খ’ বিভাগ	
গদ্য	— ২৫	গদ্য	— ১০
পদ্য	— ১৮	পদ্য	— ৮
ব্যাকরণ	— ১০	ব্যাকরণ	— ৭
রচনা	— ৮	২৫ নম্বর	
বাক্যরচনা/ভাব		‘গ’ বিভাগ	
সম্প্রসারণ		গদ্য	— ১০
আবেদন পত্র লিখন	— ৪	পদ্য	— ৮
দ্রুত পঠন	— ১০	ব্যাকরণ	— ৭
৭৫ নম্বর		২৫ নম্বর	

সর্বমুঠ নম্বর : ১০০

(ছাত্র-ছাত্রীগণ ‘ক’ বিভাগ এবং ‘খ’ বিভাগ অথবা ‘গ’ বিভাগের পাঠ্যক্রম পড়বে।)

BENGALI (MIL)

SUBJECT CODE - 02

Class - IX
Full Marks : 100

Time : 3 hours
Pass Marks : 30

গোট	পাঠর নাম	ছয়মাহিলি পরীক্ষা	বছরেকীয়া পরীক্ষা
	Sub-unit/Lesson		
	Group-A : বাধ্যতামূলক		
1	<u>গদ্যাংশ</u> প্রত্যুৎপকার ছুটি	15	10
2	ডাইনী পিপলাস্ত্রি গাম	10	8
3	অ্যান্টিবায়োটিক ও পেনিসিলিনের কথা লড়াই		7
4	<u>পদ্যাংশ</u> গৌরাস্ত্রের বাল্যলীলা কবর খাই খাই	12	9
5	মনসামঙ্গল ধূলামন্দির		9
		6	
6	ব্যকরণ ব্যঞ্জন সন্ধি, নির্দেশক প্রত্যয় স্ত্রীপ্রত্যয়, বিশিষ্টার্থক শব্দ বাক্য সংকোচন, বাক্য সম্প্রসারণ	10	10
7	ভাব সম্প্রসারণ অথবা আবেদন লিখন	4	4
8	রচনা	8	8
9	দ্রুত পঠন	10	10

গোট	পাঠের নাম	ছয়মাসিহিল পরীক্ষা	বছরেকীয়া পরীক্ষা
10	Group -B : বৈকল্পিক	9	10
	গদ্যাংশ আত্মকথা		
	ভারতবর্ষ		
11	পদ্যাংশ আমরা আগামী	10	8
12	ব্যাকরণ বিপরীত লিংগবাচক শব্দ, কৃত প্রত্যয়, তদ্ধিত প্রত্যয়	6	7
	ক্রিয়াপদ, বাক্য সংকোচন উক্তি পরিবর্তন		
	মুঠ	100	100

পাঠ্যপুথি : বাংলা সাহিত্য চয়নিকা

- * বাংলা বিষয়ের অংশ হিসেবে Sanskrit (Group-C) পড়তে ইচ্ছুক শিক্ষার্থীদের Riju Bharati পুস্তকখানি পড়তে হবে।

BENGALI (MIL)

SUBJECT CODE - 02

Class - X
Full Marks : 100

Time : 3 hours
Pass Marks : 30

গোট	পাঠের নাম	ছয়মাহিলি পরীক্ষা	শিক্ষান্ত পরীক্ষা
	Sub-unit/Lesson		
	Group-A : বাধ্যতামূলক		
1	গদ্যাংশ সাগর সঙ্গমে নবকুমার বাংলার নবযুগ বলাই	11	10
2	অরুণিমা সিন্হা : আত্মবিশ্বাস ও সাহসের অন্য এক নাম	8	7
	তোতা কাহিনী		
3	কম্পিউটার কথা, ইন্টারনেট কথকতা		8
	আদরিণী, এসো উদ্যোক্তা হই	7	
4	পদ্যাংশ প্রার্থনা প্রতিনিধি গ্রাম্যছবি	17	9
5	বিজয়া - দশমী আবার আসিব ফিরে		9
6	ব্যাকরণ All the grammar portion of class IX and the following বাক্য পরিবর্তন (সরল যৌগিক, জটিল), বিরাম চিহ্নের ব্যবহার, নহবিধি, যত্নবিধি, প্রত্যয়, বাকসংকোচন, সমাস, সন্ধি, বাগ্‌ধারা	10	10

গোট	পাঠের নাম	ছয়মাহিলি পরীক্ষা	শিক্ষান্ত পরীক্ষা
7	ভাব সম্প্রসারণ/আবেদন পত্র লেখন	4	4
8	রচনা	8	8
9	দ্রুত পঠন	10	10
	Group -B : বৈকল্পিক		
10	<u>গদ্যাংশ</u> অরণ্য প্রেমিক : লবটুলিয়ার কাহিনি		10
	পিতা ও পুত্র	10	
11	<u>পদ্যাংশ</u> জীবন সংগীত	8	8
	কাণ্ডারী ছুঁয়ার		
12	<u>ব্যাকরণ</u> All the grammar portion of class IX and the following বিপরীত শব্দ, বচন, প্রবাদ-প্রবচন, অশুদ্ধি সংশোধন, বাগ্‌বিধি	7	7
	মুঠ	100	100

পাঠ্যপুথি : বাংলা সাহিত্য চয়নিকা